


Location Map Of Sontola Bridge

RHD ROAD NETWORK, SIRAJGANJ DIVISION



LEGEND

- | | |
|------------------|-----------------|
| RHD Roads | Boundary |
| National Highway | International |
| Regional Highway | Zone |
| Zila Road | Circle |



সোনতলা সেতু



সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক বিভাগ
যোগাযোগ মন্ত্রণালয়

তারিখ: ২০ মার্চ ১৪১৯ বঙ্গাব্দ | ০২ ফেব্রুয়ারি ২০১৩ খ্রিষ্টাব্দ



সোনাতলা সেতুর ভিত্তি প্রস্তর স্থাপন



পাইল ক্যাপ নির্মাণ কাজ

পটভূমি

প্রত্যাশিত আর্থ-সামাজিক উন্নয়নের অনুকূল টেকসই, নিরাপদ ও মানসম্মত সড়ক অবকাঠামো এবং সমন্বিত আধুনিক গণপরিবহন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে সড়ক বিভাগ নিরলস কাজ করে যাচ্ছে। সরকারের একটি অন্যতম প্রধান সেবা প্রদানকারী সংস্থা হিসেবে সড়ক বিভাগের আওতাধীন সড়ক ও জনপথ (সওজ) অধিদপ্তর সমগ্র দেশে জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক এবং জেলা সড়কের সমন্বয়ে একটি ব্যাপক, ব্যয়সাশ্রয়ী, পরিবেশবান্ধব, আরামদায়ক ও নিরাপদ সড়ক নেটওয়ার্ক নির্মাণ এবং রক্ষণাবেক্ষণে মুখ্য ভূমিকা পালন করে আসছে।

১৬.৫০ কিলোমিটার দীর্ঘ উল্লাপাড়া-বেলকুচি সড়কটি ঢাকা-আরিচা-নগরবাড়ী-বগুড়া-বাংলাবান্দা জাতীয় মহাসড়ক এবং সায়দাবাদ-এনায়েতপুর সড়ককে সংযুক্ত করেছে। ভৌগোলিকভাবে সড়কটি গুরুত্বপূর্ণ হওয়া সত্ত্বেও সোনাতলা সেতু এবং উল্লাপাড়া-বেলকুচি সড়কের উন্নয়নের অভাবে এলাকাটির ও দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জনগণকে দীর্ঘদিন অপেক্ষা করতে হয়েছে। বর্তমান সরকার কর্তোয়া নদীর উপর ৩৪৭.২৯ মিটার দীর্ঘ সোনাতলা সেতুটির নির্মাণ কাজ শুরু ও সমাপ্ত করেছে। এছাড়া উল্লাপাড়া-বেলকুচি সড়কটিকে প্রশস্তকরণের মাধ্যমে জেলা সড়ক থেকে আঞ্চলিক মহাসড়কে উন্নীত করার লক্ষ্যে ৮১.৩৫ কোটি টাকার একটি পুনর্গঠিত ডিপিপি ইতোমধ্যে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে। সেতুটি উন্মুক্তকরণের সাথে সাথেই বেলকুচি, এনায়েতপুর, উল্লাপাড়া, শাহজাদপুরের সাথে পার্শ্ববর্তী পাবনা ও কুষ্টিয়া জেলাসহ দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জেলাসমূহের সড়ক পথে নিবিড় যোগাযোগ স্থাপিত হবে। এতে সড়ক যোগাযোগ সহজতর ও সময় সাশ্রয়ী হবে।

উল্লাপাড়া, শাহজাদপুর, বেলকুচি, এনায়েতপুর, সোহাগপুর, তামাই, বেতিল ইত্যাদি এলাকা দীর্ঘদিন যাবৎ তাঁত শিল্পে সমৃদ্ধ। এ এলাকায় হস্তচালিত ও যন্ত্রচালিত তাঁতের সংখ্যা প্রায় ২ লক্ষ ১০ হাজার। তাঁত শিল্পের সাথে প্রায় ৩ লক্ষ ৭০ হাজার মানুষের জীবন-জীবিকা জড়িত রয়েছে। এলাকার উৎপাদিত তাঁত সামগ্রী দেশের চাহিদা মিটিয়ে বিদেশেও রপ্তানী হয়ে থাকে। উন্নত যোগাযোগ ব্যবস্থার অভাবে প্রান্তিক তাঁত মালিকগণ তাঁদের উৎপাদিত তাঁত সামগ্রীর প্রত্যাশিত মূল্য পান না। বর্তমান সরকার প্রান্তিক তথা গ্রাম অঞ্চলের জনগোষ্ঠীর ভাগ্য উন্নয়নে সড়কটিকে প্রশস্ত করে মান উন্নয়ন এবং গুরুত্বপূর্ণ সেতুটি নির্মাণ করেছে। সোনাতলা সেতুটি নির্মাণের ফলে উৎপাদিত তাঁত সামগ্রী এবং এলাকার দুগ্ধ ও কৃষিজাত পণ্য সড়কপথে ঢাকাসহ দেশের বিভিন্ন এলাকায় পরিবহন ও বাজারজাতকরণ সহজতর হবে।



সেতুর পিয়ারের কাজ




গার্ডার নির্মাণ কাজ

প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ

প্রকল্পের নাম	উল্লাপাড়া-বেলকুচি সড়কে করতোয়া নদীর উপর ৩৪৭.২৯৫ মিটার দীর্ঘ সোনতলা সেতু নির্মাণ
প্রকল্প বাস্তবায়নকারী	সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়
প্রকল্প ব্যয়	টাকা ৫৪.৪৪ কোটি
সংশোধিত প্রকল্প ব্যয়	টাকা ৮১.৩৫ কোটি (১৬.৫০ কিলোমিটার জেলা সড়ককে আঞ্চলিক মহাসড়কে উন্নীতকরণসহ)
অর্থায়ন	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্মাতা প্রতিষ্ঠান	মেসার্স মীর আকতার হোসেন লিমিটেড
সেতুর ধরণ	প্রি-স্ট্রেসড কংক্রিট গার্ডার সেতু
ফাউন্ডেশনের ধরণ	Cast in situ RCC pile
সুপারস্ট্রাকচারের ধরণ	Pre-stressed Concrete Girder
ডেক স্লাবের ধরণ	RCC Deck Slab
গাইড বাধের ধরণ	জিও টেক্সটাইল এবং সিমেন্ট কনক্রিট ব্লক
দৈর্ঘ্য	৩৪৭.২৯৫ মিটার
প্রস্থ	১০.২৫ মিটার
মূল ক্যারেজওয়ের প্রস্থ	৭.৩০ মিটার
ফুটপাথের প্রস্থ	১.২২ মিটার
স্প্যান সংখ্যা	৮ টি
গার্ডার সংখ্যা	প্রতি স্প্যানে ৫টি করে মোট ৪০টি
গার্ডার দৈর্ঘ্য	৪২.৬৮ মিটার
পিয়ার সংখ্যা	৭ টি
এ্যাভার্টমেন্ট সংখ্যা	২ টি
পাইলের গভীরতা	২০-৩০ মিটার
এ্যাপ্রোচ সড়ক	২ কিলোমিটার
নদী শাসন	৮০০ মিটার
বক্স কালভার্টের সংখ্যা	২ টি
আন্ডারপাসের সংখ্যা	২ টি
কাজ শুরু	৩০ অক্টোবর ২০১০
কাজ সমাপ্ত	৩১ ডিসেম্বর ২০১২



এ্যাথোচ সড়কে বিটুমিনাস কাজ



আন্ডারপাস



নদী শাসনের কাজ



রেলিং ফুটপাথসহ ডেকস্লাব